

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.১১১.১৭-

তারিখঃ

বিষয়ঃ মেসার্স ছায়া এ্যাপারেলস লিমিটেড এর অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসংগে।

মেসার্স ছায়া এ্যাপারেলস লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ হাতেম আলী কমপ্লেক্স (সিঙ্গাই রোড), হেমায়েতপুর, সাভার, ঢাকা নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন নং- এল-৬২০৯০৭১১০০৯-এইচ, তারিখ-০৫/১২/২০০৭ খ্রিষ্টাব্দ এবং শিল্প উপখাতঃ “নীট গার্মেন্টস” প্রতিষ্ঠানটির অনুকূলে ১ম এডহক শিল্প আই আর সি নং- ব-০১৮৬২২৪, তারিখঃ ২৫/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ জারী করা হয়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক সুবিধার বিপরীতে পর্যাপ্ত কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ২য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে অত্র পরিদপ্তরের একজন ইন্সপেক্টর কারখানাটি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদন ও তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র পরিদপ্তরে পরীক্ষা নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে ষাণ্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ প্রযোজ্য নয় বিধায় ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১৫- ২০১৮ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মেসার্স ছায়া এ্যাপারেলস লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারীর জন্য সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়ার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
ddexport@dot.gov.bd
ফোনঃ ৯১১৬৩৮৫

নং-২৪.০২.০০০০.০০৬.১৮.১১১.১৭- ৪০৬৮(৩)

তারিখঃ ২১/১২/১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ছায়া এ্যাপারেলস লিমিটেড, অফিসঃ ও কারখানাঃ হাতেম আলী কমপ্লেক্স (সিঙ্গাই রোড), হেমায়েতপুর, সাভার, ঢাকা।
- ০৩। মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

রাজু আহমেদ
সহকারী পরিচালক (কারিগরি)
রপ্তানি শাখা
adimport@dot.gov.bd
ফোন-৫৫০১৩৬২৪